West Bengal Form No.27

# FIRST INFORMATION REPORT

1288

(Under Section 154 Cr. P.C.)

1. Dist SPC P.S. Pradhannagar Year 2022 FIR No. 238/22 Date 02.04.22
2. (i) Act ........ Sections ........ (ii) Act ........ Sections 498A/304B IPC
   (iii) Act ........ Sections ........ (iv) Other Acts & Sections ........
3. [a] Occurrence of Offence : Day ........ Date From Since after marriage Date To ........
   Time Period ........ Time From ........ Time To ........
   [b] Information received at P.S. Date 02.04.22 Time 18:35 hrs
   [c] General Diary Reference : Entry No. (s) 112 Time 18:35 hrs
4. Type of Information : Written Written / Oral :
5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
   [b] Address Sujimill Champasari, PS. Pradhannagar Dist.- Darjeeling
   [c] In case outside limit of this Police Station, then the
   Name of the P.S. ........ District ........
6. Complainant / Informant :
   [a] Name Smt. Purnima Sarkar
   [B] Father's / Husband's Name W/o- Badal Sarkar
   [c] Date / Year of Birth ........ [d] Nationality Indian
   [e] Passport No ........ Date of Issue ........ Place of Issue ........
   [f] Occupation ........
   [g] Address 15 No. Nagar Chengrabanda Vivekananda Para, P.O.- Chengrabanda PS. Mekhliganj, Dist Coochbehar
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   (1) Mithun Das S/o Susen Das, (2) Susen Das, (3) Rina Das W/o. Susen Das, (4) Debika Das W/o- Sanjeeb Das (5) Sanjeeb Das S/o Susen Das all are of Shampasari, W/No- 46, PS. Pradhannagar Dist- Darjeeling (6) Sangeeta Das W/o- Paritosh Das and (7) Paritosh Das both of Siliguri Bagdogra.
8. Reasons for delay in reporting by the Complainant / Information ........
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary)
10. Total value of properties stolen / involved ........
11. Inquest Report / U.D. Case No. If any ........
12. FIR Contents (Attach separate sheets, if required) The original written Complaint of the Complainant which is treated as FIR is enclosed herewith
13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No.2, registered the case and took up the investigation / directed SI Haren Kr. Mohanto to take up investigation / refuse investigation / transfered to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

Sd/- 02/04/22

Inspector-Incharge
Pradhan Nagar P.S.
Siliguri Police Commissionerate

14. Signature / Thumb impression of the Complainant / Informant
Noted in written Complaint.

Signature of the Officer-in-Charge, Police Station

Date & Time of despatch to the court
Dt- 03.04.22

Name Subal Ch. Ghosh
Rank SI of Police Pradhan Nagar PS / SPC
Dt- 02.04.22

To
The Inspector in-Charge,
Pradhan Nagar Police Station,
Siliguri Commissionarate, Dist. Darjeeling.

Date : 02.04.2022

এজাহারকারিনী – পূর্ণিমা সরকার, স্বামী বাদল সরকার,
সাকিন ১৫৪ নগর চ্যাংরাবান্ধা, বিবেকানন্দ পাড়া, পোস্ট – চ্যাংরাবান্ধা,
থানা মেখলীগঞ্জ, জেলা কুচবিহার। মোবাইল নং ৮১৫৮৯২৯৪৮৫।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, দার্জিলিং জেলার প্রধাননগর থানার অধীন চম্পাসারী গ্রামের নিবাসী সুশেন দাসের কনিষ্ঠ পুত্র মিঠুন দাস এর সহিত আমার কন্যা, পিয়ালী সরকারের (পূজা) হিন্দু শাস্ত্র মতে গত ২৮.০৪.২০১৭ শুক্রবার মম গৃহে বিবাহ সম্পন্ন হয়। বিবাহের পর ১ নং আসামী আমার কন্যাকে তাহার নিজ গৃহে লইয়া যায় ও স্বামী-স্ত্রী হিসাবে সংসার ধর্ম পালন করিতে থাকে। বিবাহের সময় স্ত্রী ধন হিসাবে নগদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা, আনুমানিক ৩ ভরি ওজনের হাতের, কানের ও গলার সোনার অলঙ্কারাদী প্রদান করি তৎসহিত কাঠের ও স্টীলের আসবাবপত্র প্রদান করিয়াছিলাম। বিবাহের এক বৎসর পর হইতে আমার কন্যার স্বামী ও তাহার পরিবারের সদস্যরা আমার কন্যার প্রতি অমানসিক অত্যাচার ও নির্যাতন করিতে থাকেন। আমার কন্যা আমার বাড়িতে আসিলে আমরা তাহাকে সব সময় মনমরা অবস্থায় দেখিতে পাই এবং আমার কন্যাকে উক্ত অবস্থায় থাকার কারন জিজ্ঞাসা করিলে বলে যে, আমার সংসারে অশান্তি চলিতেছে। আমি আমার কন্যাকে লইয়া তাহার শ্বশুর বাড়িতে যাই এবং কন্যার শ্বশুর, শ্বাশুড়ি, স্বামী ও ননাসের সহিত মীমাংসার বৈঠক করি, উক্ত বৈঠকে তাহারা আমার কন্যার প্রতি কোন অন্যায় অবিচার করিবেন না এবং তাহাকে ভালোভাবেই তাহাদের বাড়িতে রাখিবেন বলিয়া প্রতিশ্রুতি দেয়। ইহার দুই বৎসর পর কন্যার শ্বশুরবাড়ীর লোকজন পু নরায় আমার কন্যার উপর শারীরিক ও মানসিক অত্যাচার ও নির্যাতন শুরু করে। আমার কন্যা আমাদের দারিদ্রতার কথা চিন্তা করিয়া তৎসহিত ভবিষ্যতে স্বামী বা স্বামীর বাড়ীর লোকজনের ব্যবহার পরিবর্তন হইবার আশায় স্বামী ও তাহার পরিবারের দ্বারা অমানসিক অত্যাচার ও নির্যাতন নীরবে সহ্য করিয়াও সংসার ধর্ম পালন করিয়া আসিতেছিল। অত্যাচার ও নির্যাতনের মধ্য দিয়া তাহার স্বামীর সহিত ঘর-সংসার করা কালে আমার কন্যার গর্ভে ১ নং আসামীর ঔরসে একটি পুত্র সন্তানের জন্ম হয় যাহার নাম প্রীত দাস এবং বর্তমান বয়স ৩ বৎসর হইবে। আমার কন্যা আকষ্মিকভাবে মারা যাইবার অনুমান ২৫ দিন পূর্বে অর্থাৎ ০৪.০৩.২০২২ ইং তারিখে,আমার বাড়িতে আসিয়াছিল। আমার কন্যার মনমরা অবস্থা দেখিয়া জিজ্ঞাসা করিলে কন্যা সবিস্তারে তাহার উপর নির্মম অত্যাচারের কথা খুলিয়া বলে এবং আরও বলে যে, আসামীরা তাহার জীবন হানীর চেষ্টা করিতেছেন এমন কি প্রায় দিবসে অর্দ্ধাহারে ও অনাহারে রাখিতেন। আমরা অতীব গরীব হওয়ার কারণে ভবিষ্যতে একদিন সুখ শান্তিতে বসবাস করিতে পারিবেন এই বলিয়া উক্ত কন্যাকে আশস্ত করি এবং তারপর আমি মারা যাইবার ১০ দিন পূর্বে আমি নিজে আমার কন্যাকে তাহার স্বামীর বাড়িতে রাখিয়া আসি এবং সেইদিনও আমার কন্যার স্বামী ও বাড়ীর লোকজন প্রতিশ্রুতি দেয় যে পরবর্তীতে এইরূপ ঘটনা ঘটিবে না। এমতাবস্থায় গত ৩১.০৩.২০২২ ইং তারিখ রাত্রি অনুমান ১০ ঘটিকায় হঠাৎ করিয়া আমার কন্যার স্বামীর পাশেরবাড়ি প্রতিবেশী, বিকি দাস ফোন মারফৎ আমাকে জানায় যে, আমার কন্যা ফাঁসি দিয়া আত্মহত্যা করিয়াছে এবং পুলিশ তাহার মৃত দেহ ১ নং আসামীর বাড়ি হইতে উদ্ধার করিয়া থানায় লইয়া যায়। উক্ত খবর পাওয়ার পর আমি ও আমার কয়েকজন প্রতিবেশীগনকে লইয়া রাত্রি অনুমান ১১/১১-৩০ মি নাগাদ প্রধান নগর থানায় যাই ও থানার নিকট একটি অ্যাম্বুলেন্সের ভিতর আমার কন্যার নিথর মৃত দেহখানি দেখিতে পাই। আমার কন্যার মৃত দেহ দেখিয়া আমার আশঙ্কা যে আমার কন্যার পূর্বের বয়ান অনুযায়ী আসামীগন আমার কন্যাকে ষড়যন্ত্র ও চক্রান্ত পূর্বক অত্যাচার করিয়া প্রথমে হত্যা করে এবং পরে ফাঁসিতে ঝুলাইয়া দিয়াছে। এমতাবস্থায় আপনার দৃষ্টি আকর্ষণের প্রার্থনা করিতেছি।

বিধায় প্রার্থনা আমার আবেদন গ্রহণে উপরোক্ত বিষয়ে তদন্ত সাপেক্ষে দোষী ব্যাক্তিগনের বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা অবলম্বনে সুবিচার করিতে আজ্ঞা হয়।

Received on 02.04.22 at 18:35hrs vide PDN PS GDE No. 112 dt 02.04.22 and started PDN PS Case No. 238/22 dt 02.04.22 u/s 498A/304B IPC and endorsed to SI Harem Kr. Mohanto to investigate the case.

Sd/- 02/04/22
Inspector-Incharge
Pradhan Nagar P.S.
Siliguri Police Commissionerate

নিবেদন ইতি
Purnima Sarkar

আসামীগনের নামঃ-

১) মিঠুন দাস, পিতা সুশেন দাস ( কন্যার স্বামী)
২) সুশেন দাস, পিতা অজ্ঞাত (কন্যার শ্বশুর)
৩) রীনা দাস, স্বামী সুশেন দাস (কন্যার শ্বাশুড়ি)
৪) সঞ্জীব দাস, পিতা সুশেন দাস ( কন্যার ভাসুর)
৫) দেবীকা দাস, স্বামী সঞ্জীব দাস (কন্যার জা)
সকলের সাকিন সুজি মিল, চম্পাসারী, শিলিগুড়ি, থানা প্রধান নগর, জেলা দার্জিলিং।
৬) সঙ্গীতা দাস, স্বামী পরিতোষ দাস (কন্যার ননাস)
৭) পরিতোষ দাস, পিতা অজ্ঞাত (ননাসের স্বামী)
উভয়ের সাকিন শিলিগুড়ি বাগডোগরা।

আমার কথা অনুযায়ী মেখলীগঞ্জ আদালত চত্বরে বিজন রায়ের দোকানে টাইপ করা হইল এবং সঠিক জানিয়া আমার নিজ সহি সম্পাদন করিলাম।